

মাদারীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ


শ্রেণি: দশম

বিষয়: গণিত

আজকের পাঠ: বৃত্ত (১)

বৃত্ত (Circle)

- বৃত্ত একটি সমতলীয় জ্যামিতিক চিত্র, যার বিন্দুগুলো নির্দিষ্ট বিন্দু থেকে সমদূরত্বে অবস্থিত।
- নির্দিষ্ট বিন্দুকে বৃত্তের কেন্দ্র (Centre) বলে।
- কেন্দ্র থেকে বৃত্তস্থ কোনো বিন্দুর দূরত্বকে বৃত্তের ব্যাসার্ধ (Radius) বলে।



বৃত্তের অভ্যন্তর ও বহির্ভাগ (Interior and exterior of a Circle)

- যদি কোনো বৃত্তের কেন্দ্র O এবং ব্যাসার্ধ r হয় তবে O থেকে সমতলের যে সকল বিন্দুর দূরত্ব r এর চেয়ে কম এদের সেটকে বৃত্তটির অভ্যন্তর এবং O থেকে সমতলের যে সকল বিন্দুর দূরত্ব r এর চেয়ে বেশি এদের সেটকে বৃত্তটির বহির্ভাগ বলে।
- বৃত্তের অভ্যন্তরস্থ দুটি বিন্দুর সংযোজক রেখাংশ সম্পূর্ণভাবে বৃত্তের অভ্যন্তরেই থাকে।
- বৃত্তের অভ্যন্তরস্থ একটি বিন্দু ও বৃত্তের বহিঃস্থ একটি বিন্দুর সংযোজক রেখাংশ বৃত্তটিকে একটি ও কেবল একটি বিন্দুতে ছেদ করে।

